# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**26 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) ভারতীয় সংবিধানের ৭৫ বছর পূর্তি উপলক্ষে আজ সমগ্র দেশের সঙ্গে আসামেও সংবিধান দিবস পালন/ বরাক উপত্যকায়ও এই দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ/

(২) বেআইনী কার্যকলাপ প্রতিরোধ আইনের অধীনে ২৯ বছর পূর্বে দায়ের হওয়া মামলা থেকে অরবিন্দ রাজখোয়া, অনুপ চেতিয়া এবং রঞ্জন দৈমারী সহ দশজন প্রাক্তন উগ্রপন্থী নেতাকে দোষমুক্ত ঘোষণা/

(৩) রাজ্যের মৃতুঞ্জয় সেবার উন্নয়নের জন্যে ১১৫ কোটি টাকা বরাদ্দের বিষয়ে রাজ্য মন্ত্রীসভার অনুমোদন/

এবং

(৪) আসাম সহ উত্তরপূর্বাঞ্চলের আটটি রাজ্যের সঙ্গে দেশের ১৫টি রাজ্যের দুর্যোগ ব্যবস্থাপনা এবং দক্ষতা বৃদ্ধি প্রকল্পের জন্যে কেন্দ্রীয় সরকারের এক হাজার ১১৫ কোটি টাকায় অনুমোদন/

---

ভারতীয় সংবিধান গৃহীত হোয়ার দিনটি আজ সমগ্র দেশে জাতীয় সংবিধান দিবস হিসেবে উদযাপন করা হয়েছে ।এদিকে কেন্দ্রীয় সরকার সংবিধান গৃহীত হোয়ার ৭৫ তম বর্ষ উপলক্ষে আজ থেকে বছরব্যাপী উদযাপন আরম্ভ করেছে ।সংবিধান দিবস

উপলক্ষে আজ নতুনদিল্লীর সংবিধান সদনের কেন্দ্রীয় প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নিয়ে রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু ২০৪৭ সালের মধ্যে উন্নত ভারত গড়ার লক্ষে উপনীত হতে নিজেদের আচরণকে সংবিধানের আদর্শসমূহের দ্বারা অনুপ্রাণিত করতে আহ্বান জানান । এছাড়া জনসাধারণকে নিজের মৌলিক দায়িত্ব ও কর্তব্যগুলি পালন করে যেতে ও তিনি আহ্বান জানিয়েছেন ।রাষ্ট্রপতি ভারতীয় সংবিধানকে জীবন্ত ও প্রগতিশীল নথি বলে অভিহিত করেন। তিনি বলেন সরকার সমাজের সব শ্রেণী বিশেষ করে দূর্বল শ্রেনীর কল্যাণের জন্য সম্প্রতি বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করেছে । লোকসভা ও বিধানসভায় মহিলাদের জন্য আসন সংরক্ষণ সম্পর্কীত নারী শক্তি বন্দনা বিল গৃহীত হোয়ার প্রশংসা করে রাষ্ট্রপতি বলেন যে এই বিল মহিলা সবলীকরণের এক নতুন যুগের সূচণা করেছে ।

অনুষ্ঠানে অংশ গ্রহণ করে উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় বলেন যে এই গুরুত্বপূর্ন দিনটি সংবিধান গ্রহণের ৭৫ বছর সম্পূর্ন হোয়ার ঐতিহাসিক উদযাপনকে বোঝায় । তিনি বলেন যে ভারত অর্থনৈতিক বিকাশ , শক্তিশালী পরিকাঠামো ও ডিজিটেল ব্যবস্থার ব্যাপক প্রসারের সংগে অগ্রসর হচ্ছে ও এই সকল প্রচেষ্টাই আর্ন্তজাতিক পর্যায়ে স্বীকৃতি লাভ করেছে ।

এ উপলক্ষে লোকসভার অধ্যক্ষ ওম বিরলা বলেন যে সংবিধান দেশে সামাজিক ও অর্থনৈতিক পরিবর্তনের চালিকা শক্তিরুপে কাজ করে আসছে । তিনি সাংসদদের নিজ নিজ এলাকার জনসাধারণের মধ্যে সংবিধান গ্রহণের ৭৫ তম বছর উদযাপন করতে আহ্বান জানিয়েছেন ।অনুষ্ঠানে রাষ্ট্রপতি সংবিধান গ্রহণের ৭৫ তম বর্ষ সম্পূর্ন হোয়ার নামে উৎসর্গিত একটি স্মারক মুদ্রা ও ডাক ডিকিটের উন্মোচন করেন । এ উপলক্ষে making of the constitution of india ; a glimpse o making of the constitution of india end its glorious journey নামের দুটি গ্রন্থ ও প্রকাশ করা হয় । অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী , লোকসভা ও রাজ্যসভার বিরোধী পক্ষের নেতা , সাংসদ ও বিশিষ্ট ব্যাক্তিগণ উপস্থিত ছিলেন ।

---

দেশের অন্যান্য অংশের সঙ্গে আসামেও সংবিধান দিবস উপলক্ষে বিশেষ কার্যসূচীর আয়োজন করা হয়েছে । গুয়াহাটির জনতা ভবনের লোকসেবা ভবনে রাজ্যের সংসদীয় পরিক্রমা বিভাগের উদ্যোগে সংবিধান দিবস উদযাপন করা হয়েছে । এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সহ বেশকয়েকজন মন্ত্রী-বিধায়ক উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা দেশের ধর্মনিরপেক্ষতা কোনো পশ্চিমী ধারণা নয়, বরং পাঁচ

হাজার বছরের সভ্যতা ও সংস্কৃতির ফসল বলে মন্তব্য করেন । এদিকে রাজ্যের ক্রীড়া ও যুবকল্যাণ সঞ্চালকালয়ের উদ্যোগে গুয়াহাটির আমবাড়ীতে আজ সকালে সংবিধান দিবসের কার্যসূচীতে রাজ্যের ক্রীড়া ও যুবকল্যাণ মন্ত্রী নন্দিতা গারলোসা পদযাত্রায় অংশগ্রহণ করেন । অন্যদিকে সংবিধান দিবসের সঙ্গে সঙ্গতি রেখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন সেন্ট্রাল ব্যুরো অব কম্যুনিকেশন- (সি বি সি)- গুয়াহাটির উদ্যোগে আজ বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে । এই কার্যসূচীর অঙ্গ হিসেবে মহিলাদের আইনী অধিকার, শিশুশ্রম আইন, বাল্য বিবাহ প্রতিরোধ ইত্যাদি সহ আইনী বিষয়গুলি সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে কামরূপ জেলার বিভিন্ন প্রান্তে আইনী সহায়তা শিবির অনুষ্ঠিত হয়েছে । গৌহাটি হাইকোর্টেও আজ এই দিবস পালন করা হয়েছে । সংবিধান দিবস উপলক্ষে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে সংবিধান রক্ষার শপথবাক্য পাঠ করা হয় ।

---------------------------------------------------------------------------------

দেশের অন্যান্য অংশের সংগে কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগেও আজ শিলচরের জেলা আয়ুক্তের কার্যালয় প্রাংগনে এক অনুষ্ঠানের মাধ্যমে সংবিধান দিবস পালন করা হয় । অনুষ্ঠানের শুরুতেই জেলা আয়ুক্ত মৃদুল যাদব সংবিধানের প্রস্তাবনা পাঠ করেন ।তার সংগে সম্মিলিতভাবে প্রস্তাবনা পাঠে অংশ নেন অতিরিক্ত জেলা আয়ুক্ত ড: ধ্রুবজ্যোতি হাজারিকা , কিম চিন লালহুম , সহকারী আয়ুক্ত জোনালী দেবী , অঞ্জলী কুমারী ,নির্বাচন আধিকারিক মেসি টপনো এবং জেলা প্রশাসনের অন্যান্য আধিকারিক ও কর্মীরা । সম্মিলিত পাঠ সংবিধানের ন্যায় বিচার , স্বাধীনতা , সমতা এবং ভাতৃত্ববোধের আদর্শে নিবেদিত থাকার অংগীকারকে পুর্নব্যক্ত করে ।

---------------------------------------------------------------------------------

সমগ্র দেশের সংগে শ্রীভুমি জেলাতে আজ সংবিধান দিবস পালন করা হয়েছে । আজ বিকেলে শ্রী ভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে কার্যালয়ের আধিকারিক ও কর্মচারীদের সংবিধানের প্রস্তাবনা পাঠ করান অতিরিক্ত জেলা আয়ুক্ত মিনার্ভা দেবী আরামবাম । এতে অতিরিক্ত জেলা আয়ুক্ত উদয় শংকর দত্ত , অমৃতপ্রভা দাস , এস ডি ও (সদর) দেবাশীস বরা প্রমুখ সংবিধানের প্রস্তাবনা পাঠ করেন ।এদিকে আজ একই সময়ে জেলার রাজস্ব চক্র , খন্ড উন্নয়ন কার্যালয় , জেলার বিভিন্ন বিভাগীয় কার্যালয় সহ শিক্ষা প্রতিষ্ঠানে ও সংবিধানের প্রস্তাবনা পাঠ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে সংবিধান দিবস উদযাপন করা হয়েছে ।এ উপলক্ষে আজ হাইলাকান্দির আয়ুক্তের কার্যালয়ে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় । হাইলাকান্দির আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতমের পৌরহিত্যে আয়োজিত সভায় সংবিধানের প্রস্তাবনা পাঠ করানো হয় ।এছাড়া সংবিধানের বিভিন্ন ধারা ও নাগরিকসংহিতা সম্পর্কে ও এই অনুষ্ঠানে আলোচনা করা হয় ।পরে সংবিধান রচয়িতা বাবা সাহেব ভীম রাও আম্বেদকরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পন করা হয় ।অনুষ্ঠানে জেলা পরিষদের কার্যবাহী আধিকারিক রঞ্জিত কুমার লস্কর , অতিরিক্ত আয়ুক্ত অমিত পারবোচা প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা বিজেপি কার্যালয়ে আজ নানা অনুষ্ঠানের মাধ্যমে সংবিধান দিবস পালন করা হয় ।অনুষ্ঠানের শুরুতে জেলা বিজেপি সভাপতি স্বপন ভট্টাচার্য সংবিধানের প্রস্তাবনা পাঠ করেন । অনুষ্ঠানে জেলা বিজেপি সম্পাদক সঞ্জয় রায় , হাইলাকান্দি শহর মন্ডল সভাপতি রুপক বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

কামরূপ মহানগর জেলার অতিরিক্ত জেলা ও দায়রা জজের আদালতে বেআইনী কার্যকলাপ প্রতিরোধ আইনের অধীনে দায়ের হওয়া ২৯ বছরের পুরনো একটি মামলায় দুটি নিষিদ্ধ ঘোষিত সংগঠনের দশজন নেতাকে আজ দোষমুক্ত ঘোষণা করা হয়েছে । দীর্ঘদিন ধরে চলতে থাকা শুনানির পর আজ আদালত অভিযুক্ত অরবিন্দ রাজখোয়া, অনুপ চেতিয়া, চিত্রবন হাজারিকা, শশধর চৌধুরী, রাজু বড়ুয়া, প্রণতি ডেকা, মিথিঙ্গা দৈমারী, রঞ্জন দৈমারী, দিলীপ বর্মণ ও নগেন রাভাকে দোষমুক্ত বলে রায় দিয়েছে । উল্লেখ্য- বেআইনী কার্যকলাপ প্রতিরোধ আইনের অধীনে নিষিদ্ধ ঘোষিত উগ্রপন্থী সংগঠনের বেশকয়েকজন নেতার বিরুদ্ধে ১৯৯৫ সালে এই মামলা দায়ের করা হয়েছিল ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার রাজ্যের বিদ্রোহী সংগঠন ‘আলফা স্বাধীন’এর নিষিদ্ধ ঘোষণার মেয়াদ আরো পাঁচ বছর বৃদ্ধি করেছে। কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় এসম্পর্কে গতকাল এক বিজ্ঞপ্তি জারী করেছে । এই বিজ্ঞপ্তি অনুসারে বেআইনী কার্যকলাপ প্রতিরোধ আইনের অধীনে আগামীকাল থেকে কার্যকর হওয়া এই নিয়মের আওতায় সংগঠনটি পুনরায় পাঁচ বছরের জন্য নিষিদ্ধ সংগঠন হিসেবে পরিগণিত হচ্ছে । উল্লেখ্য- আলফা’কে ১৯৯০ সালে প্রথমবারের জন্য নিষিদ্ধ ঘোষণা করা হয় এবং পরে সময়ে সময়ে এর মেয়াদ বৃদ্ধি করা হয়েছে ।

---

রাজ্যের ১০৮ মৃত্যুঞ্জয় সেবা'র উন্নীতকরণের জন্যে ১১৫ কোটি টাকা বরাদ্দের বিষয়ে আসাম মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে। আজ বিকেলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার পৌরহিতে দিসপুরে অনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকে এই অনুমোদন জানানো হয় । এছাড়া হোজাই জেলার সদর- শঙ্করদেব নগরের নাম শ্রীমন্ত শঙ্করদেব নগর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এছাড়া রাজ্যের কৃষি বিপণন কর্মচারীদের স্বেচ্ছামূলক অবসরের প্রকল্পেও মন্ত্রীসভায় অনুমোদন জানানো সহ অন্য প্রস্তাব গৃহীত হয়। বৈঠক শেষে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু এই সিদ্ধান্ত সমূহের কথা জানান ।

---

আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্য সহ দেশের মোট ১৫টি রাজ্যের দুর্যোগ ব্যবস্থাপনা এবং দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার এক হাজার ১১৫ কোটিরও বেশি টাকা মঞ্জুর করার বিষয়ে অনুমোদন জানিয়েছে । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্'এর পৌরহিত্যে অনুষ্ঠিত উচ্চপর্যায়ের একটি কমিটি এই বরাদ্দে অনুমোদন জানিয়েছে । কমিটি উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্যের জন্য ৩৭৮ কোটি টাকা অনুমোদন করেছে । উচ্চ পর্যায়ের এই কমিটি একইসঙ্গে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ১১৫ কোটিরও বেশি টাকা ব্যয়ে প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধির অপর একটি প্রকল্পেও অনুমোদন জানিয়েছে ।

---

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ থেকে লিঙ্গ ভিত্তিক সহিংসতা প্রতিরোধে বিশেষ সচেতনতা প্রচার অভিযান শুরু হয়েছে । এ উপলক্ষ্যে জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ শপথ বাক্য পাঠ করান এবং একটি সচেতনতা র‍্যালীর সূচনা করেন । র‍্যালীর সূচনা করে জেলা আয়ুক্ত শ্রী যাদব বলেন যে শুধু মাত্র সচেতনতার জন্য নয় , সমাজে সক্রিয় পরিবর্তন আনতে এবং সবার জন্য নিরাপদ ও সম্মানের সংস্কৃতি গড়ে তুলতে এই প্রচার অভিযান শুরু করা হয়েছে । উল্লেখ্য আগামী ১৬ দিনব্যাপী চলা এই প্রচার অভিযানে  শিক্ষামূলক ও সম্প্রদায় ভিত্তিক কর্মশালা থাকবে ।

---

মণিয়ারখাল চা বাগানে আজ ধলাই বিধানসভা কেন্দ্রের নব নির্বাচিত বিধায়ক নীহার রঞ্জন দাসকে সংবর্ধনা জানানো হয়েছে । মণিয়ারখাল চা বাগানের নাচঘরে আয়োজিত সভায় নব নির্বাচিত বিধায়ক শ্রী দাস মণিয়ারখাল গ্রাম পঞ্চায়েত এলাকার সড়ক , পানীয় জল ,বিদ্যুৎ সমস্যার সমাধান করার আশ্বাস দিয়েছেন । সংবর্ধনা সভায় বিজেপি

নেতা রূপম সাহা , মন্ডল সভাপতি সুমেন দাশ , প্রাক্তন পঞ্চায়েত সভাপতি পরেশ তাঁতি প্রমূখ বক্তব্য রাখেন ।

---